আজ | বার্মিংহাম কমনওয়েলথ গেমস। দুপুর ১.৩০ থেকে। সোনি সিক্স চ্যানেলে সরাসরি সম্প্রচার।

হরমনপ্রীতের কীর্তি

কমনওয়েলথ গেমস মহিলা ক্রিকেটে প্রথম ব্যাটার হিসেবে হাফসেঞ্চুরি ভারত অধিনায়কের। তবে হেরে গেল দল। ১৬

এক নজরে

বিরাটকে পরামর্শ দেবেন না আফ্রিদি

দীর্ঘ সময় ধরে রানা না থাকার কারণে সমালোচনায় বিদ্ধ বিরাট কোহলি। প্রাক্তন ভারত অধিনায়কের পাশে থেকে শাহিদ আফ্রিদি জানিয়ে দিলেন, তিনি কোনও পরামর্শ দিতে যাবেন না ভারতীয় তারকাকে। বলেছেন, "বিরাট অনেক বড় মানের ক্রিকেটার। ওর সত্যিই পরামর্শের প্রয়োজন নেই। নিজেই অনুভব করছে, দ্রুত চেনা ছন্দে রানে ফিরতে হবে।"

সরলেন শ্রীরাম

আইপিএলে বিশেষ গুরুত্ব দিতে অস্ট্রেলিয়া দলের সঙ্গে সম্পর্কে ইতি টেনে দিলেন শ্রীধরন শ্রীরাম। তিনি বলেছেন, "টানা ছয় বছর এই দলের স্পিন বোলিং কোচ হিসেবে কাজ করেছি। তাই সরে আসার সিদ্ধান্ত নিতে হল।" জানিয়েছেন, আইপিএলে আবার আরসিবির হয়ে নতুন মনোভাব নিয়ে কাজ করতে চান। এখন অনেক খোলা মনে কাজ করতে পারবেন।

জেতালেন রুসো

রিলে রুসোর ৫৫ বলে অপরাজিত ৯৬ রানের সুবাদে দ্বিতীয় টি-টোয়েন্টি ম্যাচে দক্ষিণ আফ্রিকা (২০৭-৩) ৫৮ রানে হারিয়েছে ইংল্যান্ডকে। রুসোর ইনিংসে ছিল দশটি চার এবং পাঁচটি ছয়। এ ছাড়া রেজ়া হেনড্রিক্স ৩২ বলে ৫৩ রান করেন। জবাবে ইংল্যান্ডের স্কোর ১৪৯। বেয়ারস্টো ৩০ রান করেন। তাব্রাইজ় শামসি ২৭ রানে তিন উইকেট নেন।

নিরাসক্ত ক্লপ

আজ, শনিবার কমিউনিটি শিল্ড ফাইনাল দিয়ে নতুন মরসুম শুরু করতে চলেছে লিভারপুল। প্রতিপক্ষ ম্যাঞ্চেস্টার সিটি। তার আগে মহম্মদ সালাহদের ম্যানেজার য়ুর্গেন ক্লপ জানিয়ে দিলেন, গত মরসুমের ফল তিনি ভুলে গিয়েছেন। ক্লপ বলেছেন, "আমি পেশাদার। অতীত নিয়ে বেশি ভাবতে পারি না। গত মরসুমে চারটি খেতাব জয়ের সুযোগ হাতছাড়া করে খারাপ লেগেছিল। কিন্তু সেটা ভুলতেও মাত্র একদিন সময় নিয়েছিলাম।"

খেলবেন বাটলার

দক্ষিণ আফ্রিকা টি-টোয়েন্টি ক্রিকেট লিগে খেলবেন ইংল্যান্ডের সীমিত ওভারের দলের অধিনায়ক জস বাটলার। তিনি ছাড়াও এই প্রতিযোগিতায় খেলবেন অলরাউন্ডার লিয়াম লিভিংস্টোন এবং অভিজ্ঞ মইন আলি। তবে কোন দলের হয়ে তাঁরা খেলবেন, তা এখনও স্পষ্ট নয়। খুব সম্ভবত নতুন বছরের ১২ জানুয়ারি শুরু হবে প্রতিযোগিতা।

ভারতের জয়

প্রথম ম্যাচে হেরে গেলেও চলতি অনূর্ধ্ব ২০ সাফ ফুটবলে শুক্রবার ভারত ৪-০ গোলে হারিয়ে দিয়েছে শ্রীলঙ্কাকে। ভারতের হয়ে জোড়া গোল করেন পার্থিব গগৈ। এ ছাড়া বাকি দুটি গোল করেন হিমাংশ জাংরা এবং গুরকিরাত সিংহ। ম্যাচের আগে প্রয়াত ফেডারেশনের এক্সিকিউটিভ কমিটির সদস্য গুলাব চৌহানের জন্য এক মিনিট নীরবতা পালন করা হয়।

মহড়া: এই ছবি পোস্ট করে রাফায়েল নাদাল লিখলেন, "প্রবল গরমে জোরকদমে অনুশীলন শুরু করে দিয়েছি।" *ইনস্টাগ্রাম*

অস্বস্তিতে বায়ার্ন

লিভারপুল থেকে সাদিয়ো মানেকে নিয়ে আসা হলেও রবার্ট লেয়ানডস্কির পরিবর্ত এখনও খুঁজে পায়নি বায়ার্ন মিউনিখ। তা নিয়েই চিন্তিত ম্যানেজার ইউলিয়ান নাগলসম্যান। তিনি বলেছেন, "ওর মতো ফুটবলারের পরিবর্ত খুঁজে পাওয়া খুবই কঠিন। মানের মতো ফুটবলার এই ক্লাবে এলেও লেয়নডস্কির পরিবর্ত এখনও খুঁজে পাইনি। সেটা আমার কাছে বড় চিন্তার কারণ।"

মিকেই ভরসা

কিংবদন্তি ফর্মুলা ওয়ান রেসিং ড্রাইভার মিখায়েল শুমাখারের ছেলে মিক সেরা আকর্ষণ হয়ে উঠবেন অ্যাস্টন মার্টিন দলের। এমনই মনে করেন সেবাস্তিয়ান ভেত্তেল। তিনি বলেছেন, "মিককে খুব কাছ থেকে লক্ষ্য করেছি। ও ফর্মুলা ওয়ান গ্রহে লম্বা ঘোড়া হতে চলেছে।"

বীরুদের আবার নেতৃত্ব দিতে মাঠে ফিরছেন সৌরভ

নিজস্ব সংবাদদাতা

ফের ব্যাট হাতে দেখা যেতে পারে সৌরভ গঙ্গোপাধ্যায়কে। বেহালার বাঁ হাতির সেই অফসাইড স্ট্রোক বা স্পিনারকে স্টেপ আউট করে অনায়াস ভঙ্গিতে মাঠের বাইরে ফেলে দেওয়ার সেই ভঙ্গির স্বাদ পেতে পারেন ক্রিকেট ভক্তরা।

'লেজেন্ডস লিগ ক্রিকেট'-এ প্রাক্তনদের ম্যাচে নামতে দেখা যাবে প্রাক্তন ভারত অধিনায়ককে। এই লিগ এখন প্রত্যেক বছরই হচ্ছে এবং ব্রায়ান লারা থেকে শুরু করে কেভিন পিটারসেন, অনেক নামী প্রাক্তন তারকাই তাতে অংশ নেন। ভারত থেকে এই লিগে খেলেন বীরেন্দ্র সহবাগ, ইরফান পাঠানরা। এ বারের প্রতিযোগিতায় মুখ্য ৎআকর্ষণ হতে যাচ্ছেন সৌরভ। এবং, সবচেয়ে আকর্ষণীয় বিষয় হচ্ছে, দাদা ফিরছেন অধিনায়ক হিসেবে তাঁর সেই পুরনো টিম ইন্ডিয়ার অনেক সদস্যকে নিয়ে।

সূত্রের খবর, তাঁর সেই হৃদয় জিতে নেওয়া টিম ইন্ডিয়ার সদস্যদের মধ্যে বীরেন্দ্র সহবাগ, হরভজন সিংহ, আশিস নেহরা, ইরফান পাঠানদের নিয়ে দল সাজাচ্ছেন সৌরভ। তবে পুরো প্রতিযোগিতায় নয়, তিনি খেলবেন একটি প্রীতি ম্যাচে। স্বাধীনতার ৭৫ বছর পূর্তি উপলক্ষে একটি বিশেষ ম্যাচ হচ্ছে। তাতেই খেলতে দেখা যাবে সৌরভকে।

সেই ম্যাচে মুখোমুখি হবে ইন্ডিয়া মহারাজাস এবং ওয়ার্ল্ড জায়ান্টস। মহারাজাদের দলের নেতৃত্ব দেবেন বেহালার মহারাজ। 'এলএলসি' কর্তাদের পক্ষ থেকে জোরাল চেষ্টা হয়েছিল, এই প্রীতি ম্যাচ ইডেনে করার। কিন্তু দিন ঠিক হয়েছে সেপ্টেম্বরের শেষের দিকে। সেই সময় ইডেনে বৃষ্টির সম্ভাবনা থাকতে পারে বলে দেশের অন্য কোথাও এই ম্যাচ করার কথা হচ্ছে।

সৌরভ নিজে ব্যাট হাতে এই একটি ম্যাচে নামলেও বাকি প্রতিযোগিতায় ইন্ডিয়া মহারাজাস-দের সঙ্গে থাকবেন অন্য ভূমিকায়। তাঁকে 'ক্যাপ্টেন অব ক্যাপ্টেন্স' আখ্যা দেওয়া হচ্ছে। অর্থাৎ, ক্রিকেট ভক্তদের আবেগ উস্কে দিয়ে ক্ষণিকের জন্য হলেও অধিনায়ক সৌরভের ঝলক দেখা যেতে পারে। একটি ম্যাচে তো পুরনো টিম ইন্ডিয়া ব্যাচ নিয়ে তিনি নিজে অধিনায়কত্ব করবেনই, অন্যান্য সময়েও সহবাগ, নেহরাদের পরামর্শ দেবেন ড্রেসিংরুম থেকে। খেলতে পারেন যুবরাজ সিংহ, জ়াহির খানও।



কসরত: ট্রেনিং শুরু করলাম। ছবি দিয়ে ইন্সটাগ্রামে লিখলেন সৌরভ।

সৌরভকে শেষ বার এই ধরনের প্রাক্তনদের 'সিরিয়াস' ম্যাচে অংশ নিতে দেখা গিয়েছে আমেরিকায়। সেই সময় সচিন তেন্ডুলকর, ওয়াসিম আক্রম, ব্রায়ান লারার মতো নামী ক্রিকেটারেরাও ছিলেন। এ বারেও বিশ্ব একাদশে বেশ বড় বড় নাম থাকার সম্ভাবনা। সদ্য অবসৃত কিছু ক্রিকেটারও খেলেন এই লিগে। তার ফলে অনুশীলন করে তৈরি হয়ে মাঠে নামারও দরকার পড়ে। সৌরভ নিজে শুক্রবারই ইনস্টাগ্রামে জিম করার ছবি দিয়ে লিখেছেন, "ট্রেনিং শুরু করে দিলাম। স্বাধীনতার ৭৫ বছর পূর্তি উপলক্ষে এবং মহিলা শক্তির সমর্থনে লেজেন্ড লিগ ক্রিকেটে একটি চ্যারিটি ম্যাচ খেলতে নামছি। তার আগে একটু ব্যাটে-বলেও করে নিতে হবে।"

সৌরভের ঘনিষ্ঠ বন্ধু এবং একটি ম্যাচে তাঁকে খেলানোর ব্যাপারে মুখ্য উদ্যোগ নেওয়া, প্রাক্তন ক্রিকেটার সঞ্জয় দাস জানালেন, সৌরভ ইংল্যান্ড থেকে ফিরে প্র্যাক্টিসও করবেন নিজেকে ফিট করার জন্য। প্রাক্তনদের এই লিগের প্রথম পর্ব এ বার হচ্ছে ভারতে। দ্বিতীয় পর্বটি হবে ওমানে।

রোহিত-কার্তিকের দাপটে প্রথম ম্যাচে জয় ভারতের

নিজস্ব সংবাদদাতা

টি-টোয়েন্টি বিশ্বকাপ যত এগিয়ে আসছে, ততই দাপট বাড়ছে রোহিত শর্মার। শেষ বারের আইপিএল থেকেই রানের খরা ছিল তাঁর ব্যাটে। কিন্তু গত ইংল্যান্ড সফরে বহু দিন পরে হাফসেঞ্চুরি আসে তাঁর ব্যাটে। ওয়েস্ট ইন্ডিজের মাটিতে পা রাখার পরে প্রথম ম্যাচেই হাফসেঞ্চুরি। সূর্যকুমার যাদবের সঙ্গে ওপেন করতে নেমে ৪৪ বলে ৬৪ রানের ইনিংস উপহার দেন রোহিত। শেষের দিকে ১৯ বলে অপরাজিত ৪১ রানের ইনিংস খেলেন দীনেশ কার্তিক। তাঁদের সৌজন্যেই ২০ ওভারে ছয় উইকেট হারিয়ে ১৯০ রানে পৌঁছে গেল ভারত। জবাবে ২০ ওভারে আট উইকেটে ১২২ রানে আটকে যায় ওয়েস্ট ইন্ডিজ। ভারত জেতে ৬৮ রানে।

টি-টোয়েন্টি সিরিজ়ের প্রথম ম্যাচে ব্যাটে-বলে দাপট ভারতীয় ক্রিকেটারদের। ব্যাট হাতে যদি তারকা হয়ে ওঠেন রোহিত ও কার্তিক। বল হাতে তাঁদের ইনিংসের মর্যাদা রাখলেন অর্শদীপ সিংহ, আর অশ্বিন ও রবি বিষ্ণোই। তিন জনেই নেন দু'টি করে উইকেট। এক উইকেট ভুবনেশ্বর কুমার ও রবীন্দ্র জাডেজার।

রোহিত ও কার্তিক বরাবরই ভাল বন্ধু। ২০২১ সালে ভারতের ইংল্যান্ড সফরের সময় ধারাভাষ্য দিতে গিয়েছিলেন কার্তিক। সেই সময় রোহিত তাঁকে বলেছিলেন, "এখনও অনেক ক্রিকেট বাকি তোমার মধ্যে।" তা শিকারও করে নেন কার্তিক। কিন্তু এ বারের আইপিএলে কলকাতা নাইট রাইডার্স তাঁকে ছেড়ে দেয়। নিলাম থেকে রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর তাঁকে তুলে নেয়। বিরাট কোহলির দলে সুযোগ পেয়ে নতুন করে ক্রিকেটজীবন শুরু করেন কার্তিক। আইপিএলে তাঁর দাপট দেখে ভারতীয় দলে ফেরাতে বাধ্য হন নির্বাচকেরা। আন্তর্জাতিক ক্রিকেটেও স্বপ্নের প্রত্যাবর্তন ঘটে তাঁর। বর্তমানে টি-টোয়েন্টি বিশ্বকাপের তালিকায় প্রথম নামটি যদি লেখা হয় রোহিতের, তিন অথবা চার নম্বরে থাকবেন কার্তিক। তাঁর উপরে রোহিতের আস্থাই কি আবার পুরনো কার্তিককে ফিরিয়ে দিল?

ছন্দে: সফল রোহিত। (নীচে) ম্যাচের সেরা কার্তিক। *পিটিআই*

শুক্রবার ত্রিনিদাদের তারুবায় টস জিতে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেন নিকোলাস পুরান। সূর্যকুমার যাদবের সঙ্গে ওপেন করতে নেমে দুরন্ত শুরু করেন রোহিত। ৪৪ রানের ওপেনিং জুটি গড়েন তাঁরা। সূর্যকুমারের ১৬ বলে ২৪ রানের ইনিংসই ভারতীয় ইনিংসের ছন্দ তৈরি করে দেয়। আলজ়ারি জোসেফের ১৪৬ কিমি প্রতি ঘণ্টার ডেলিভারি স্কুপ করে ছয় মারেন সূর্যকুমার। তাতেই কিছুটা মনোবলে ধাক্কা খায় বিপক্ষ পেসারের।

ম্যাচের তৃতীয় ওভারে আকিল হোসেনের প্রথম দুই বলেই সূর্যকুমারের ক্যাচ হাতছাড়া হয়। সেখানেই আত্মবিশ্বাস ধাক্কা খায় ওয়েস্ট ইন্ডিজ শিবিরের। আকিলই ফেরান সূর্যকুমারকে। তার পর থেকে দ্রুত তিন উইকেট হারায় ভারত। শূন্য রানে ফেরেন শ্রেয়স আয়ার। ১৪ রান করেন ঋষভ পন্থ। ছন্দে থাকা হার্দিকও ফেরেন এক রান করে। রোহিত কিন্তু হাল ছাড়েননি। কিমো পলের বলে তাঁর ফ্রন্টফুট পুলে ছয় নিঃসন্দেহে দিনের সেরা শট হিসেবে থেকে গেল। মাত্র ৩৫ বলে হাফসেঞ্চুরি সম্পূর্ণ হয় রোহিতের। সেই জায়গা থেকে আরও ১৪ রান যোগ করে আউট হন।

৬৮ রানে জয়ী ভারত

ম্যাচের সেরা দীনেশ কার্তিক

স্কোরকার্ড

ভারত	১৯০-৬ (২০)
ওয়েস্ট ইন্ডিজ	১২২-৮ (২০)

ভারত

রোহিত ক হেটমায়ার বো হোল্ডার	৬৪■৪৪
সূর্য ক হোল্ডার বো হোসেন	২৪■১৬
শ্রেয়স ক হোসেন বো ম্যাককয়	০■৪
ঋষভ ক হোসেন বো পল	১৪■১২
হার্দিক ক ম্যাককয় বো জোসেফ	১■৩
জাডেজা ক পল বো জোসেফ	১৬■১৩
কার্তিক ন.আ	৪১■১৯
অশ্বিন ন.আ	১৩■১০
অতিরিক্ত	১৭
মোট	১৯০-৬ (২০)

পতন: ১-৪৪ (সূর্য, ৪.৪), ২-৪৫ (শ্রেয়স, ৫.৫), ৩-৮৮ (ঋষভ, ৯.৬), ৪-১০২ (হার্দিক, ১১.৫), ৫-১২৭ (রোহিত, ১৪.৫), ৬-১৩৮ (জাডেজা, ১৫.৬)।

বোলিং: ওবেদ ম্যাককয় ৪-০-৩০-১, জেসন হোল্ডার ৪-০-৫০-১, আকিল হোসেন ৪-০-১৪-১, আলজ়ারি জোসেফ ৪-০-৪৬-২, ওডিয়ান স্মিথ ২-০-১৮-০, কিমো পল ২-০-২৪-১।

ওয়েস্ট ইন্ডিজ

কাইল ক কুমার বো অর্শদীপ	১৫■৬
ব্রুকস বো কুমার	২০■১৫
হোল্ডার বো জাডেজা	০■৪
পুরান ক পন্থ বো অশ্বিন	১৮■১৫
পাওয়েল বো বিষ্ণোই	১৪■১৭
হেটমায়ার ক যাদব বো অশ্বিন	১৪■১৫
আকিল বো অর্শদীপ	১১■১৫
স্মিথ স্টা পন্থ বো বিষ্ণোই	০■২
কিমো ন.আ	১৯■২২
জোসেফ ন.আ	৫■১১
অতিরিক্ত	৬
মোট	১২২-৮ (২০)

পতন: ১-২২ (কাইল,১.৩), ২-২৭ (হোল্ডার, ২.৬), ৩-৪২ (ব্রুকস, ৫.২), ৪-৬৬ (পুরান, ৮.২), ৫-৮২ (পাওয়েল, ১১.১), ৬-৮৬ (হেটমায়ার, ১২.৪), ৭-৮৬ (স্মিথ, ১৩.২), ৮-১০১ (আকিল, ১৬.৩)।

বোলিং: ভুবনেশ্বর কুমার ২-১-১১-১, অর্শদীপ সিংহ ৪-০-২৪-২, রবীন্দ্র জাডেজা ৪-০-২৬-১, আর অশ্বিন ৪-০-২২-২, হার্দিক পাণ্ড্য ২-০-১২-০, রবি বিষ্ণোই ৪-০-২৬-২।

জীবনের সেরা প্রাপ্তি মোহনবাগান রত্ন: শ্যাম

নিজস্ব সংবাদদাতা

মোহনবাগান মাঠের মূল ফটক থেকে ক্লাব তাঁবু পর্যন্ত সাজানো ফুল, সবুজ-মেরুন আলোয়। গোলপোস্টের পিছনে বিশাল মঞ্চ। এই সেই গোলপোস্ট, ১৯৭৮ সালে কলকাতা লিগের ডার্বিতে ইস্টবেঙ্গলের বিরুদ্ধে ব্যাকভলিতে এখানেই বিস্ময় গোল করেছিলেন শ্যাম থাপা।

শুক্রবার বিকেলে মোহনবাগান মাঠে পা দিয়েই সবুজ-মেরুন জার্সি পরে গোলপোস্টের কাছে চলে গিয়েছিলেন শ্যাম। হয়তো ফিরে যাওয়ার চেষ্টা করছিলেন ৪৪ বছর আগের সেই বিকেলে। বলছিলেন, "এই গোলপোস্টেই বাইসাইকেল ভলিতে আমার জীবনের সেরা গোল করেছিলাম। আজ আমার জীবনের আরও একটা স্মরণীয় দিন। মোহনবাগান যে সম্মান দিল, তার জন্য সারাজীবন ঋণী থাকব। জীবনের সেরা প্রাপ্তি। তবে মন খারাপ লাগছে প্রদীপ কুমার বন্দ্যোপাধ্যায়, চুনী গোস্বামী, সুভাষ ভৌমিক, সুরজিৎ সেনগুপ্ত শিবাজি বন্দ্যোপাধ্যায়ের মতো আমার প্রিয় মানুষরা চলে যাওয়ায়।"

করোনা অতিমারির থাবায় গত দু'বছর মোহনবাগান দিবসের অনুষ্ঠান হয়েছিল ভার্চুয়ালি। হাজার হাজার সবুজ-মেরুন সমর্থকদের উন্মাদনা, প্রাক্তন ফুটবলারদের মিলনমেলা, সবই থমকে গিয়েছিল। শুক্রবার দুপুরে আবার উৎসবের সেই চেনা দৃশ্য ফিরল ময়দানে।

স্বীকৃতি: পদক গলায় শ্যাম থাপা। *ছবি: সুদীপ্ত ভৌমিক*

শিশু সন্তানের হাত ধরে মোহনবাগান মাঠে ঢুকতে ঢুকতে এক বাবা শোনাচ্ছিলেন তাঁর প্রিয় ক্লাবের অতীতের গৌরবগাথা। ১৯১১ সালের এই দিনেই কী ভাবে ইস্ট ইয়র্কশায়ারকে হারিয়ে প্রথম ভারতীয় দল হিসেবে আইএফএ শিল্ড জিতেছিল মোহনবাগান। মোহনবাগানের সচিব দেবাশিস দত্ত বলছিলেন, "মোহনবাগান দিবস পালনের মূল উদ্দেশ্যই হল ১৯১১ সালের ২৯ জুলাইয়ের ঐতিহাসিক জয়কে স্মরণ করা। ভবিষ্যৎ প্রজন্মের কাছে ইতিহাসকে তুলে ধরা।"

জয় দিয়েই শুরু হাম্পিদের

নিজস্ব প্রতিবেদন

২৯ জুলাই: জয় দিয়েই ৪৪তম দাবা অলিম্পিয়াডে যাত্রা শুরু হল ভারতীয় দলের। ওপেন এবং মহিলা বিভাগ, দুই জায়গাতেই জয় পেয়েছে ভারত।

মেয়েদের বিভাগে শীর্ষবাছাই ভারত 'এ' দল সহজেই হারিয়ে দিয়েছে তাজ়িকিস্তানকে। 'বি' দল হারিয়ে দিয়েছে ওয়েলসকে। দুটি ম্যাচেই ভারত জেতে ৩-০ ফলে।

ভারতের তিন মহিলা গ্র্যান্ডমাস্টার দাবাড়ু কোনেরু হাম্পি, আর বৈশালী এবং ভক্তি কুলকার্নি সহজেই তাঁদের ম্যাচে জিতেছেন। 'সি' দলও প্রথম ম্যাচে জিতেছে।

ছেলেদের বিভাগে ভারতের তিন দলই সাড়ম্বরে জয় দিয়ে শুরু করে অভিযান। তাদের প্রতিপক্ষ ছিল যথাক্রমে জ়িম্বাবোয়ে, সংযুক্ত আরব আমিরশাহি এবং দক্ষিণ আফ্রিকা।

এ দিন দাবা অলিম্পিয়াডের খেলার উদ্বোধন করেন কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী অনুরাগ ঠাকুর। তিনি প্রথম চাল দেন গ্র্যান্ডমাস্টার দাবাড়ু বিদিত গুজরাতির বিরুদ্ধে। ছিলেন পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন দাবাড়ু বিশ্বনাথন আনন্দ, ফিডে প্রেসিডেন্ট আর্কাদি ভোর্কোভিচ, সর্বভারতীয় দাবা সংস্থার প্রেসিডেন্ট সঞ্জয় কপূর এবং অলিম্পিয়াড ডিরেক্টর ভারত সিংহ চৌহান।

৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ

	বিবরণ	এককভাবে					একীকৃত					
		৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত ৩ মাস (অনিরীক্ষিত) কোটি টাকায়		৩১ মার্চ ২০২২ তারিখে সমাপ্ত বছর (নিরীক্ষিত) কোটি টাকায়		৩০ জুন ২০২১ তারিখে সমাপ্ত ৩ মাস (অনিরীক্ষিত) কোটি টাকায়		৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত ৩ মাস (অনিরীক্ষিত) কোটি টাকায়		৩১ মার্চ ২০২২ তারিখে সমাপ্ত বছর (নিরীক্ষিত) কোটি টাকায়		৩০ জুন ২০২১ তারিখে সমাপ্ত ৩ মাস (অনিরীক্ষিত) কোটি টাকায়	
১.	ক্রমাগত কার্যাবলী											
	ক) মোট আয়	৩,৯৩১.৫৭		১২,৪৬২.০৩		২,৫০১.৫৫		৪,০৫১.০৯		১২,৮৫১.২৯		২,৫৮০.৯৩
	খ) ব্যাতিক্রমী দফা এবং কর পূর্ববর্তী নিট লাভ	৩০৩.৩৯		১,০২৪.৮৯		১৬৩.৯৫		২৭৯.৬৩		৯৬০.৬১		১৬০.৪১
	গ) কর পূর্ববর্তী নিট লাভ	৩০৩.৩৯		৫,৭১৮.৬৪		১৬৩.৯৫		২৭৯.৬৩		৯৬০.৬১		১৬০.৪১
	ঘ) কর পরবর্তী নিট লাভ	২২৬.৩৪		৪,৬৮৩.৫৩		১২৫.৪২		২০২.৪৪		৬৯৪.৩১		১২৩.২৪
২.	বিরত কার্যাবলী											
	ক) কর পূর্ববর্তী লাভ / (ক্ষতি)	–		–		–		–		৪,৪৩৭.০৯		(৯১.৪৩)
	খ) কর পরবর্তী লাভ / (ক্ষতি)	–		–		–		–		৩,৬৬২.৫৩		(৯১.৪৩)
৩.	কর পরবর্তী নিট লাভ মেয়াদের জন্য	২২৬.৩৪		৪,৬৮৩.৫৩		১২৫.৪২		২০২.৪৪		৪,৩৫৬.৮৪		৩১.৮১
৪.	করারোপন এবং সংখ্যালঘুদের স্বার্থ হিসাব করার পর নিট লাভ	২২৬.৩৪		৪,৬৮৩.৫৩		১২৫.৪২		২০২.৭৭		৪,৩৬৬.৯৩		৩২.৮৮
৫.	মোট সামগ্রিক আয় [ঐ সময়ের মধ্যে লাভের সমন্বয় (কর পরবর্তী) এবং অন্যান্য সামগ্রিক আয় (কর পরবর্তী)]	৩১৮.৪৭		৩,৮৮২.০৭		১৩৭.৩৫		২৯৪.৪৫		৩,৬১৮.৫৮		১৬.৬৪
৬.	প্রদত্ত ইক্যুইটি শেয়ার মূলধন (লিখিত মূল্য টাঃ ১)	৮৫.০০		৮৫.০০		৮৫.০০		৮৫.০০		৮৫.০০		৮৫.০০
৭.	অন্যান্য ইক্যুইটি	১০,৫২০.৫৮	*	১০,৫২০.৫৮	*	৬,৮০৮.৫১	**	১০,৪৯৮.৭৪	*	১০,৪৯৮.৭৪	*	৭,১৮৭.২৭	**
৮.	শেয়ার প্রতি আয় ক্রমাগত কার্যাবলীর জন্য (প্রাথমিক এবং মিশ্রিত)	টা ২.৬৬	#	টা ৫৫.১০		টা ১.৪৮	#	টা ২.৩৯	#	টা ৮.২৯		টা ১.৪৬	#
৯.	শেয়ার প্রতি আয় বিরত কার্যাবলীর জন্য (প্রাথমিক এবং মিশ্রিত)	–		–		–		–		টা ৪৩.০৯		(টা ১.০৮)	#
১০.	শেয়ার প্রতি আয় ক্রমাগত এবং বিরত কার্যাবলীর জন্য (প্রাথমিক এবং মিশ্রিত)	টা ২.৬৬	#	টা ৫৫.১০		টা ১.৪৮	#	টা ২.৩৯	#	টা ৫১.৩৮		টা ০.৩৯	#

* ৩১ মার্চ ২০২২ তারিখমত।
** ৩১ মার্চ ২০২১ তারিখমত।
# বার্ষিকীকৃত নয়।

দ্রষ্টব্য :
১. সেবি (লিস্টিং বাধ্যবাধকতা এবং ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩-এর অধীনে স্টক এক্সচেঞ্জগুলিতে দাখিল করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ বয়ানের সারাংশ হল উপরোক্ত ফলাফল। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ বয়ান স্টক এক্সচেঞ্জগুলির ওয়েবসাইটে (www.bseindia.com এবং www.nseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট www.exideindustries.com-এ পাওয়া যাবে।

বোর্ড-এর আদেশানুসারে
সুবীর চক্রবর্তী
ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার
DIN : 00130864

মুম্বাই
জুলাই ২৯, ২০২২

EXIDE
এক্সাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেড
ভারতের ১ নং স্টোরেজ ব্যাটারী কোম্পানী
CIN: L31402WB1947PLC014919
এক্সাইড হাউস, ৫৯ই চৌরঙ্গী রোড, কলকাতা – ৭০০ ০২০ । www.exideindustries.com, e-mail : exideindustrieslimited@exide.co.in

PRESSMAN